ত্রিপুরা রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ

আসন্ন কালীপূজা/দীপাবলি উৎসবের দিনে পরিবেশ দূষণ মুক্ত রাখার জন্য নিম্নলিখিত বিধিগুলি মেনে চলুন

১) শব্দদূষণ বিধিমালা অনুযায়ী মহকুমা পুলিশ আধিকারিক (SDPO) হলেন সংশ্লিষ্ট মহকুমায় লাউডস্পিকার/মাইক/পাবলিক অ্যাড্রেস সিস্টেম ব্যবহার নিয়ন্ত্রণ করার কর্তৃপক্ষ। অতএব কালীপুজার দিন এবং পূজা পরবর্তী বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানেও লাউডস্পিকার/মাইক/ পাবলিক অ্যাড্রেস সিস্টেম বাজাতে হলে সংশ্লিষ্ট মহকুমা পুলিশ আধিকারিকের (SDPO) অগ্রিম অনুমতি নিতে হবে এবং শব্দের মাত্রা নির্দিষ্ট সীমার মধ্যে রাখতে হবে। অন্যান্য দিনে প্রকাশ্য স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠান রাত ১০-টার মধ্যে অবশ্যই শেষ করতে হবে।

২) কালীপূজার দিন রাত বারোটা থেকে পরদিন ভোর ছয়টা পর্যন্ত লাউডস্পিকার/মাইক/পাবলিক অ্যাড্রেস সিস্টেম ইত্যাদি ব্যবহার করা যাবে না।

৩) নীরব অঞ্চলের অর্থাৎ হাসপাতাল, শিক্ষাকেন্দ্র এবং আদালতের একশ মিটারের মধ্যে মাইক বাজানো বা বাজি ফোটানো যাবে না।

৪) এছাড়া, বিজ্ঞান, প্রযুক্তি ও পরিবেশ দপ্তরের ৩০-১০-২০১৮ তারিখের No.F.8(14)/DSTE/ENV/Pt-II/7220-41 সেহাঘূলে জারি করা বাজী তৈরি, বিক্রি ও পোড়ানো সংক্রান্ত বিধিমালায় উল্লেখিত এবং পেট্রোলিয়াম ও এক্সপ্লোসিভ্ সেফটি অর্গানাইজেশন (PESO) স্বীকৃতিপ্রাপ্ত বাজিগুলিই শুধুমাত্র রাত ৮টা থেকে রাত ১০টা পর্যন্ত ব্যবহার করা যেতে পারে। বাজি ফাটানোর সময় উক্ত বিধিমালায় উল্লেখিত অন্যান্য নিয়মাবলী ও মেনে চলতে হবে।

৫) জেলা প্রশাসন, পুরনিগম, পুরপরিষদ এবং নগর পঞ্চায়েত কর্তৃক নির্ধারিত দিনে ও নির্দিষ্ট স্থানে প্রতিমা বিসর্জন করতে হবে এবং বিসর্জনের নিয়মাবলী মেনে চলতে হবে।

৬) পূজা মন্ডপ তৈরী, প্রসাদ বিতরণ এবং পূজা সংক্রান্ত অন্যান্য কাজে নিষিদ্ধ এককালীন ব্যবহারযোগ্য প্লাস্টিকের উপকরণ ব্যবহার করা যাবে না।

"দীপাবলি আলোর উৎসব, শব্দের নয়"

ICA ID/1301/26